# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃdgmppd@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ


সূত্রঃ বিকেবি/প্রকা/ক্রেবি(শাখা-৫)রুমাবি-৩২৫(অংশ-১)/২০২২-২০২৩/১৫৫৬(৫২৪০) তারিখঃ ২৭-১২-২০২২ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ''১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম'' এর আওতায় সরেজমিনে পরিদর্শন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ১৩.১২.২০২২ খ্রিঃ তারিখের সূত্র নং এফআইডি/১০১/২০২২-৪৪২৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। ''১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিম'' এর আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিভিন্ন শাখার মাধ্যমে বিতরণকৃত ঋণের বিপরীতে কিছু কিছু ক্ষেত্রে ১০ টাকার হিসাবের পরিবর্তে গ্রাহকের সাধারণ সঞ্চয়ী হিসাবের বিপরীতে ঋণ বিতরণ করা হয়েছে যা এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এ বর্ণিত নিদের্শনার পরিপন্থী।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক গৃহীত ঋণের অর্থ যথাযথভাবে ব্যবহার, ঋণের গ্রেস পিরিয়ড ও মেয়াদকাল নির্ধারণ, বিভিন্ন ফি বা চার্জ আরোপ, নির্দিষ্ট ব্যাংক হিসাবের বিপরীতে ঋণ মঞ্জুর করা, সর্বোপরি সকল বিষয়ে এফআইডি সার্কুলার নং-০১/২০২১, তারিখ ০৫.০৯.২০২১ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সূত্রঃ বিকেবি/প্রকা/ক্রেবি(শাখা-৫)রুমাবি-৩২৫(অংশ-১)/২০২২-২০২৩/ ১৫৫৬(৫২৪০) তারিখঃ ২৭-১২-২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক সদয় সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলে।
০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম পূর্ব/পশ্চিম। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলে।
০৫। অফিস নথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

E:\Moumita\FID-1\FID-1 letter & note\FID-1 Letter.doc

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নংঃ এফআইডি/১০১/২০২২/ 8829

তারিখ : ১৩ ডিসেম্বর ২০২২

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 2947 তারিখঃ ২৮/১২/২২
ডিএমডি - 2
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**"১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কীম"এর আওতায় সরেজমিনে পরিদর্শন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত স্কিমের আওতায় আপনাদের ব্যাংক কর্তৃক বিভিন্ন শাখার মাধ্যমে মার্চ ২০২২ মাসে ১৫৭১ জন গ্রাহককে বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক থেকে টা:১৪,৪৭,০৩,৫০০/-(টাকা চৌদ্দ কোটি সাতচল্লিশ লক্ষ তিন হাজার পাঁচশত মাত্র) পুনঃঅর্থায়ন মঞ্জুর ও ছাড় করা হয়েছে। তন্মধ্যে, চট্টগ্রাম জেলায় বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল কর্তৃক ঋণ গ্রহীতাদের তথ্য যাচাইপূর্বক ঋণের সঠিক ব্যবহার ও বিতরণ সম্পর্কে নিশ্চিত হওয়া গিয়েছে। তবে, ১০ টাকার হিসাবের পরিবর্তে ১১ জন গ্রাহকের সাধারণ সঞ্চয়ী হিসাবের বিপরীতে ঋণ বিতরণ করা হয়েছে যা এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এ বর্ণিত নির্দেশনার পরিপন্থী।

এমতাবস্থায়, গৃহীত ঋণের অর্থ যথাযথভাবে ব্যবহার, ঋণের গ্রেস পিরিয়ড ও মেয়াদকাল নির্ধারণ, বিভিন্ন ফি বা চার্জ আরোপ, নির্দিষ্ট ব্যাংক হিসাবের বিপরীতে ঋণ মঞ্জুর করা, সর্বোপরি সকল বিষয়ে এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক পত্রের প্রাপ্তি স্বীকার করবেন।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং 927 তারিখ ২৮/১২/২২
বিভাগ DGM Credit
ডিএমডি-১

আপনাদের বিশ্বস্ত,

(তানবীর এহসান)
উপপরিচালক
ফোনঃ ০২৫৫৬৬৫০০১-৬/২১২৯৯
ইমেইল: tanbir.ehsan@bb.org.bd